

📖 সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৬৮৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০১. যে ব্যক্তি কাতারে না পৌঁছেই রুকু' করে

باب الرَّجُلِ يَرْكَعُ دُونَ الصَّفِّ

আরবী

حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، أَنَّ يَزِيدَ بْنَ زُرَيْعٍ، حَدَّثَهُمْ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ، عَنْ زِيَادِ الْأَعْلَمِ، حَدَّثَنَا الْحَسَنُ، أَنَّ أَبَا بَكْرَةَ، حَدَّثَ أَنَّهُ، دَخَلَ الْمَسْجِدَ وَنَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَاكِعٌ - قَالَ - فَرَكَعْتُ دُونَ الصَّفِّ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " زَادَكَ اللَّهُ حِرْصًا وَلَا تُعَدِّ " .

صحیح : خ

বাংলা

৬৮৩। হাসান (রহঃ) সূত্রে বর্ণিত। আবু বকরা (রাঃ) বর্ণনা করেন যে, একদা আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকু'তে থাকাবস্থায় তিনি মসজিদে প্রবেশ করলেন। বর্ণনাকারী বলেন, আমি কাতারে না পৌঁছেই রুকু' করে নিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আমাকে) বললেন : আল্লাহ (ইবাদাত ও নেকীর প্রতি) তোমার আগ্রহ আরো বাড়িয়ে দিন, তবে পুনরায় এরূপ করো না।[1]

সহীহ : বুখারী।

English

Abu Bakrah said that he came to the mosque when the prophet (ﷺ) was bowing. So I bowed outside the row (before joining it). The prophet (ﷺ) said; May Allah increase your eagerness! But do not do it again.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ কাতারে না ঢুকেই রুকু' করা, হাঃ ৭৮৩), নাসায়ী (অধ্যায়ঃ ইমামত, অনুঃ কাতারের বাইরে রুকু' করা, হাঃ ৮৭০), আহমাদ (৫/৩৯), সকলেই যিয়াদ সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। হাদীসটি প্রমাণ করে কাতারে মিলিত হওয়ার পূর্বে কাতারের পিছনে একাকী সালাত জায়য। কেননা সালাতের কিছু অংশ জায়য হলে পুরো সালাত জায়য হওয়াটাই স্বাভাবিক। (জ্ঞাতব্যঃ কাতারে ফাঁকা জায়গা থাকলে কাতারের পিছনে দাঁড়িয়ে একাকী সালাত আদায় একেবারেই অনুচিত। কোনো কোনো সহীহ হাদীসে এ ব্যাপারে কঠোরতা বক্তব্য এসেছে)।

২। হাদীসের ভাষ্যঃ (وَلَا تُعِدُّ) “তবে পুনরায় এরূপ করো না” এতে ঐ সালাত আদায়কারীকে ভবিষ্যতে এর চেয়ে উত্তম আমলের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। যদি তার ঐরূপ সালাত জায়য না হতো তাহলে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে পুনরায় সালাত আদায়ের নির্দেশ দিতেন।

উল্লেখ্য হাদীসে বর্ণিত (وَلَا تُعِدُّ) ভাষ্যটির হরকত পরিবর্তনের মাধ্যমে এর কয়েক ধরনের অর্থ হয়। যেমনঃ

(ক) (وَلَا تُعِدُّ) অর্থাৎ যেরূপ করলে তার পুনরাবৃত্তি করবে না।

(খ) (وَلَا تُعِدُّ) অর্থাৎ দৌড়ে সালাতে আসবে না। বরং শান্তভাবে এসে কাতারে শামিল হবে, তারপর সালাত আদায় করবে।

(গ) (وَلَا تُعِدُّ) অর্থাৎ তুমি তোমার আদায়কৃত সালাত পুনরায় আদায় করবে না। বরং তাই যথেষ্ট।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58001>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন